**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

**ঢাকা, বুধবার ২৩ নভেম্বর ২০১৬, ৯ অগ্রহায়ণ ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। একনেকে ১০ প্রকল্প অনুমোদন : নতুন বিদ্যুৎ সঞ্চালন লাইন নির্মাণ ও সংস্কারের উদ্যোগ

২। প্রধানমন্ত্রী সিলেট যাচ্ছেন আজ

৩। চলতি অর্থবছরে আরও ৯ লাখ নতুন করদাতা চান অর্থমন্ত্রী

৪। ক্ষুধামুক্ত বাংলাদেশ গঠনে কৃষিবিদরা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছেন : স্বরাষ্ট্রমন্ত্রী

৫। স্বাস্থ্য সাক্ষরতার হার বাড়াতে স্বাস্থ্যমন্ত্রীর আহ্বান

৬। বাংলাদেশ থেকে বেশি কর্মী নিতে ইরাকের প্রতি আহ্বান
প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রীর

৭। খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা প্রদান

৮। মেয়েকে উত্ত্যক্তের প্রতিবাদ করায় বাবার ওপর হামলাকারীদের
৭২ ঘন্টার মধ্যে গ্রেফতারের নির্দেশ হাইকোর্টের

৯। এমডিজি অর্জনে সফল বাংলাদেশ : জিইডি'র অগ্রগতি প্রতিবেদন

১০। কক্সবাজারে তিন দিনের পর্যটন সম্মেলন শুরু আজ

চলমান পাতা-২

১। **একনেকে ১০ প্রকল্প অনুমোদন : নতুন বিদ্যুৎ সঞ্চালন লাইন নির্মাণ ও সংস্কারের উদ্যোগ**

সারাদেশে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সঞ্চালনের লক্ষ্যে সঞ্চালন অবকাঠামো নির্মাণ, সম্প্রসারণ, ক্ষমতাবর্ধন এবং সংস্কারের উদ্যোগ নেওয়া হয়েছে। এ লক্ষ্যে পাওয়ার গ্রিড নেটওয়ার্ক স্ট্রেনদেনিং প্রজেক্ট আন্ডার পিজিসিবি প্রকল্পসহ জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) গতকাল ২২ নভেম্বর মঙ্গলবার ২২ হাজার ৮৭৬ কোটি ৩১ লাখ টাকা ব্যয়ে মোট ১০টি উন্নয়ন প্রকল্পের অনুমোদন করেছে। এর মধ্যে সরকারি নিজস্ব তহবিল থেকে ৮ হাজার ৬৬৮ কোটি ১৮ লাখ, বাস্তবায়নকারী সংস্থার তহবিল থেকে ৫৮৫ কোটি ২ লাখ এবং বৈদেশিক সহায়তা থেকে ১৩ হাজার ৬২৩ কোটি ১১ লাখ টাকা জোগান দেওয়া হবে। রাজধানীর শেরেবাংলানগরে এনইসি সম্মেলন কক্ষে প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির সভায় এসব প্রকল্প অনুমোদন দেওয়া হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৮), **অবজারভার** (পৃ.২,ক.৬)।

২। **প্রধানমন্ত্রী সিলেটে যাচ্ছেন আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ সেনাবাহিনীর ১৭তম পদাতিক ডিভিশনের নবনির্মিত ১১তম পদাতিক ব্রিগেডের পতাকা উত্তোলন অনুষ্ঠানসহ কয়েকটি কর্মসূচিতে যোগ দিতে দিনব্যাপী সফরে আজ সিলেটে যাচ্ছেন। প্রধানমন্ত্রী সকালে বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ফ্লাইট যোগে সিলেট এমএজি ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছার পর প্রথমে হযরত শাহজালাল (র.) এর মাজার জিয়ারত করবেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা পরে জালালাবাদ সেনানিবাসে বাংলাদেশ সেনাবাহিনীর ১৭তম পদাতিক ডিভিশনের নবনির্মিত ১১তম পদাতিক ব্রিগেডের পতাকা উত্তোলন অনুষ্ঠানে যোগ দেবেন। প্রধানমন্ত্রী বিকালে বিমানের ফ্লাইটে ঢাকা ফিরবেন। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.৪,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.১)।

৩। **চলতি অর্থবছরে আরও ৯ লাখ নতুন করদাতা চান অর্থমন্ত্রী**

নতুন করদাতা খুঁজে বের করতে জাতীয় রাজস্ব বোর্ডকে (এনবিআর) তাগিদ দিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। চলতি ২০১৬-১৭ অর্থবছরের মধ্যে আরও নয় লাখ করদাতা প্রয়োজন উল্লেখ করে সম্প্রতি এনবিআরে এ সংক্রান্ত চিঠি পাঠানো হয়েছে অর্থ মন্ত্রণালয় থেকে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬)।

৪। **ক্ষুধামুক্ত বাংলাদেশ গঠনে কৃষিবিদরা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছেন : স্বরাষ্ট্রমন্ত্রী**

ক্ষুধামুক্ত বাংলাদেশ গঠনে কৃষিবিদরা অনেক গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছেন বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। দেশে কোনো খাদ্য ঘাটতি না থাকায় খাদ্য নিয়ে বিশ্বব্যাপী যে রাজনীতি হয় তার হাত থেকে আমরা রক্ষা পাচ্ছি বলেও মন্তব্য করেন তিনি। গতকাল ২২ নভেম্বর মঙ্গলবার রাজধানীর ফার্মগেটের বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল চত্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাস্কর্য উন্মোচনের পর আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব মন্তব্য করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **সমকাল** (পৃ.১৯,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৪)।

৫। **স্বাস্থ্য সাক্ষরতার হার বাড়াতে স্বাস্থ্যমন্ত্রীর আহ্বান**

চীন সফররত স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বাংলাদেশের জনগণের স্বাস্থ্য মান উন্নয়নে তামাকসহ জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকারক খাদ্যসামগ্রী গ্রহণের প্রবণতা রোধ করতে স্বাস্থ্য সাক্ষরতা বৃদ্ধিতে সহায়তা করার জন্য বিশ্ব স্বাস্থ্য সংস্থা ও বিশ্ব নেতৃবৃন্দের প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল ২২ নভেম্বর মঙ্গলবার চীনের সাংহাইয়ে 'হেলথ প্রমোশন ইন দ্য এসডিজিস' বিষয়ক নবম বৈশ্বিক সম্মেলনের দ্বিতীয় দিনে 'অর্থনৈতিক প্রবৃদ্ধি ও জনগণের জীবনমানের অগ্রগতিতে জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর খাদ্যের ওপর করারোপের ভূমিকা' শীর্ষক উচ্চপর্যায়ের প্যানেল আলোচনায় বাংলাদেশের পক্ষে মূল প্রবন্ধ উপস্থাপনকালে এ আহ্বান জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **সমকাল** (পৃ.১৯,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.৫)।

**৬।　বাংলাদেশ থেকে বেশি কর্মী নিতে ইরাকের প্রতি আহ্বান প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রীর**

প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী নুরুল ইসলাম বিএসসি বাংলাদেশ থেকে অধিক হারে কর্মী নেওয়ার জন্য ইরাকের প্রতি আহ্বান জানিয়েছেন। ইরাকের চার্জ দি অ্যাফেয়ার্স (সিডিএ) সাক্ষাৎ করতে গেলে মন্ত্রী এ আহ্বান জানান। গতকাল ২২ নভেম্বর মঙ্গলবার ঢাকার ইস্কাটনস্থ প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে বাংলাদেশস্থ ইরাকের চার্জ দি অ্যাফেয়ার্স মো. সালমান আল-জানাবি মন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাত করেন। সাক্ষাৎকালে বাংলাদেশ থেকে বিভিন্ন সেক্টরে দক্ষ ও আধা দক্ষ কর্মী নেওয়াসহ কর্মীদের নিরাপত্তার ব্যাপারে চার্জ দি অ্যাফেয়ার্সের সঙ্গে সার্বিক আলোচনা হয়। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৪), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৬)।

**৭।　খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা প্রদান**

সেনাবাহিনী প্রধান জেনারেল আবু বেলাল মোহাম্মদ শফিউল হক ও বিমানবাহিনী প্রধান এয়ার চিফ মার্শাল আবু এসরার নিজ নিজ বাহিনীর খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা ও তাদের উত্তরাধিকারীদের সংবর্ধনা দিয়েছেন। সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষে গতকাল ২২ নভেম্বর মঙ্গলবার এই সংবর্ধনা দেওয়া হয়। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছেন। এর আগে গত ২১ নভেম্বর সোমবার নৌবাহিনী প্রধান অ্যাডমিরাল নিজামউদ্দিন আহমেদ নৌবাহিনীর খেতাবপ্রাপ্ত ২১ জন বীর মুক্তিযোদ্ধা ও তাদের উত্তরাধিকারীদের সংবর্ধনা দেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.২), **নিউ এজ** (পৃ.৩,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.১)।

**৮।　মেয়েকে উত্ত্যক্তের প্রতিবাদ করায় বাবার ওপর হামলাকারীদের**
**৭২ ঘন্টার মধ্যে গ্রেফতারের নির্দেশ হাইকোর্টের**

মেয়েকে উত্ত্যক্ত করার প্রতিবাদ করায় ঝিনাইদহের কালীগঞ্জের এক কৃষকের দুই পা হারানোর ঘটনায় আসামিদের ৭২ ঘন্টার মধ্যে গ্রেফতারের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। আদেশ বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন ২৭ নভেম্বরের মধ্যে জানাতে সংশ্লিষ্ট পুলিশ সুপারকে নির্দেশ দেওয়া হয়েছে। গতকাল ২২ নভেম্বর মঙ্গলবার বিচারপতি কাজী রেজা-উল হক ও বিচারপতি মোহাম্মদ উল্লাহর হাইকোর্ট বেঞ্চ স্বতঃপ্রণোদিত এই আদেশ দেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.২), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৫), **অবজারভার** (শেষ পৃ.,ক.৮)।

**৯।　এমডিজি অর্জনে সফল বাংলাদেশ : জিইডি'র অগ্রগতি প্রতিবেদন**

সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য (এমডিজি) অর্জনে বাংলাদেশ সফল। আটটি লক্ষ্যের সব কয়টিতেই ভালো করেছে বাংলাদেশ। এসব লক্ষ্য অর্জনে ৩৩টি উপসূচকের মধ্যে ১৩টি পুরোপুরি অর্জন করেছে বাংলাদেশ। এমডিজির অন্যতম প্রধান লক্ষ্য দারিদ্র্যবিমোচনের লক্ষ্যটি অর্জিত হয়েছে। ২০১৫ সালের মধ্যে দারিদ্র্যের হার ২৯ শতাংশে নামানোর লক্ষ্য নির্ধারিত ছিল, বাংলাদেশ এ সময়ে দারিদ্র্যের হার ২৪ দশমিক ৮ শতাংশে নামিয়ে এনেছে। এ ছাড়া শিক্ষা, লিঙ্গবৈষম্য, শিশুমৃত্যু, মাতৃস্বাস্থ্য, রোগবালাই নিয়ন্ত্রণে রাখা, টেকসই পরিবেশ এসব মূল লক্ষ্যের বেশির ভাগ উপসূচকই লক্ষ্য অর্জন করেছে। এমডিজির মূল্যায়ন নিয়ে তৈরি করা চূড়ান্ত প্রতিবেদনে এ চিত্র উঠে এসেছে। পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগ (জিইডি) এ প্রতিবেদন তৈরি করেছে। সূত্র-**প্রথম আলো** (পৃ.১৩,ক.২), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২)।

**১০।　কক্সবাজারে তিন দিনের পর্যটন সম্মেলন শুরু আজ**

১৬ দেশের প্রতিনিধিদের অংশগ্রহণে কক্সবাজারে আজ ২৩ নভেম্বর বুধবার শুরু হচ্ছে তিন দিনব্যাপী আন্তজার্তিক প্যাসিফিক এশিয়া ট্যুরিজম অ্যাসোসিয়েশন (পাটা) সম্মেলন। বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের আয়োজনে কক্সবাজারের পর্যটনকে বিশ্বব্যাপী প্রচার ও প্রসারের জন্য তিন দিনের এ সম্মেলনের আয়োজন করা হয়েছে ইনানী সৈকতের হোটেল রয়েল টিউলিপে। পাটার সম্মেলন উপলক্ষে গতকাল ২২ নভেম্বর মঙ্গলবার বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের পরিচালক ভূবন চন্দ্র বিশ্বাস জানান ১৬ দেশের ৪৬ প্রতিনিধি এবং বাংলাদেশ পর্যটন শিল্পের সঙ্গে জড়িত এমন ব্যক্তিসহ শতাধিক ছাত্র এ সম্মেলনে অংশ নেবেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** পঙ্গু হাসপাতালের হতশ্রী দশা তুলে ধরে হাসপাতালের পরিষ্কার-পরিচ্ছন্ন পরিবেশ নিশ্চিত করার পাশাপাশি হাসপাতাল চত্বরকে আরোগ্য নিকেতন হিসেবে গড়ে তুলতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে যথাযথ পদক্ষেপ নেওয়ার আহ্বান।

খ. **সংবাদ :** বিআরটিসির ২০টি বাসডিপোতে বিদ্যমান অনিয়ম, দুর্নীতি, অব্যবস্থাপনা ও বহিরাগত সিন্ডিকেটের প্রভাব দূর করে বিআরটিসির অপারেটিং সিস্টেমকে কঠোর জবাবদিহিতার আওতায় আনার সুপারিশ ।

গ. **জনকণ্ঠ :** রাজধানীতে বায়ু দূষণের কারণে ২৫ শতাংশ মানুষ ফুসফুস সমস্যায় আক্রান্ত হওয়ায় বায়ুদূষণ রোধে সমন্বিত পদক্ষেপ গ্রহণের ওপর গুরুত্বারোপ।

ঘ. **প্রথম আলো, ইনকিলাব :** ঝিনাইদহের কালীগঞ্জে মেয়েকে উত্ত্যক্ত করার প্রতিবাদ করায় উক্ত্যক্তকারীদের আক্রমণে এক অসহায় বাবার পা হারানোর ঘটনার ন্যায়বিচার পাওয়ার প্রত্যাশা ।

ঙ. **সমকাল :** আমদানি করা নিম্নমানের ‘চায়না’ ইউরিয়া সার নিয়ে নাটোরের কৃষকদের বিপাকে পড়ার বিষয় তুলে ধরে সারসহ কৃষি উপকরণের মান রক্ষা করার ওপর গুরুত্বারোপ।

চ. **যুগান্তর, সংবাদ :** যুক্তরাষ্ট্রের বৈদেশিক সাহায্য সংস্থা মিলেনিয়াম চ্যালেঞ্জ কর্পোরেশনের (এমসিসি) মূল্যায়নে বাংলাদেশের স্কোরের আরও অবনতি হওয়ায় দুর্নীতি ও সুশাসন পরিস্থিতির উন্নতি অতি জরুরি বলে অভিমত

ছ. **ইন্ডিপেনডেন্ট :** ইন্টারনেটের মাধ্যমে নারী ও তরুণীদের হয়রানি হওয়ার ঘটনা বেড়ে যাওয়ায় ওয়েব নিরাপত্তা নিশ্চিত করতে দ্রুত আইনি পদক্ষেপ নেওয়ার আহ্বান।

জ. **ডেইলি সান :** মহাসড়কে পুলিশ কর্তৃক চাঁদাবাজির ঘটনা বন্ধ করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ঘটনা যাচাই করে দোষীদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার প্রত্যাশা।

ঝ. **ডেইলি স্টার :** চাঁদপুর জেলায় ইলেক্ট্রিশিয়ান কর্তৃক সৌর বিদ্যুৎ চালিত ট্রাইসাইকেল বানানোর ঘটনা তুলে ধরে এ ধরণের উদ্ভাবনী কাজে কর্তৃপক্ষকে আর্থিক সহায়তার হাত বাড়িয়ে দেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে কোচিং বন্ধের সবচেয়ে কার্যকর উপায় ক্লাসে মানসম্পন্ন শিক্ষা দেওয়া, সেজন্য প্রয়োজন যোগ্য ও মেধাবী শিক্ষক বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **‘বাল্য বিয়ে : এখনই সময় রুখে দাঁড়াবার’** শিরোনামের নিবন্ধে মুহা. শিপলু জামান মেয়ে শিশুদের অকাল বিয়ে রোধ করতে পারলে তারা প্রাপ্তবয়স্ক শিক্ষিত নারী হিসেবে স্বমহিমায় সমাজে প্রতিষ্ঠিত হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৬/৯.০০ ঘণ্টা